

অসমে এনআরসি উন্নীতকরণ বিষয়ে আবশ্যকীয় বিজ্ঞপ্তি



- ১। ২০১৭ সালের ৩১ ডিসেম্বরের মধ্যরাত্রি পর্যন্ত পরীক্ষণের প্রক্রিয়া সম্পূর্ণ হওয়া আবেদনকারীদের নাম যোগ্যতার ভিত্তিতে সন্ধিবিষ্ট করে সেদিনই খসড়া এনআরসি প্রকাশ করা হবে। এটি আংশিকভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Part Publication of Draft NRC) হবে।
- ২। থেকে যাওয়া আবেদনকারীদের পরীক্ষণের কাজ সম্পূর্ণ হওয়ার পর পরবর্তী সময়ে অন্য একটি খসড়া এনআরসি প্রকাশ করা হবে। এটি সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Complete Publication of Draft NRC) হবে। সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি প্রকাশের তারিখ পৃথকভাবে জানানো হবে।
- ৩। ২০১৭ সালের ৩১ ডিসেম্বরে আংশিকভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Part Publication of Draft NRC)তে নাম সন্ধিবিষ্ট না হওয়া আবেদনকারীদের ভয় এবং আশংকার কোন কারণ নেই। কারণ, তাদের পরীক্ষণের কাজ এগিয়ে চলেছে এবং অতি শীঘ্ৰই শেষ হবে। প্রত্যেক ব্যক্তির ক্ষেত্রে ন্যায়সংগত এবং নিরপেক্ষভাবে নিখুঁত পরীক্ষণের ব্যবস্থা করা হয়েছে যাতে ১৯৭১ সালের ২৪ মার্চ (মধ্যরাত্রি) র সময়সীমাকে ভিত্তি করে এনআরসিতে সব প্রকৃত ভাৰতীয় নাগরিকের নামের অন্তর্ভুক্তি নিশ্চিত করতে পারা যায়।
- ৪। পরিবারের প্রত্যেক সদস্যের নথি-পত্রের সত্যাসত্য নথি-পত্র প্রদানকারী সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দ্বারা পরীক্ষা করানো হচ্ছে।
- ৫। এটা সম্ভব যে পরিবারের কোন সদস্যের নাম তাদের পরীক্ষণ সম্পূর্ণ না হওয়ার জন্য আংশিকভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Part Publication of Draft NRC)তে না থাকতেও পারে। পরিবারের সব সদস্যের অন্তর্ভুক্তি সম্পর্কীয় সিদ্ধান্ত পরবর্তী সময়ে সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Complete Publication of Draft NRC) থেকে জানা যাবে।
- ৬। এটাও সম্ভব হতে পারে যে পরিবারের সব সদস্যের নাম আংশিকভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Part Publication of Draft NRC)তে না থাকতেও পারে। এসব পরিবারের ক্ষেত্রে অন্তর্ভুক্তি সম্পর্কীয় সিদ্ধান্ত সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Complete Publication of Draft NRC) থেকে জানা যাবে।
- ৭। গ্রাম পঞ্চায়েতের সচিব / লাট মণ্ডল / রাজস্ব চক্র আধিকারীক দ্বারা প্রদান করা প্রমাণপত্র দাখিল করা আবেদনকারীদের ক্ষেত্রে মাননীয় উচ্চতম ন্যায়ালয়ের নির্দেশনা মন্ত্রী বিশদভাবে পরীক্ষণের ব্যবস্থা করা হবে। ২০১৭ সালের ৩১ ডিসেম্বর তারিখে আংশিকভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Part Publication of Draft NRC) প্রকাশের পর সেসব পরীক্ষণের কাজ হাতে নেওয়া হবে। এখনগের আবেদনকারীদের
- ৮। নাম যোগ্যতার ভিত্তিতে পরবর্তী সময়ে সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Complete Publication of Draft NRC)তে অন্তর্ভুক্ত করা হবে।
- ৯। আবেদনকারীদের থেকে প্রাপ্ত দাবী এবং আপত্তিসমূহ (Claims & Objections) সম্পূর্ণভাবে প্রকাশিত খসড়া এনআরসি (Complete Publication of Draft NRC) প্রকাশ হওয়ার পরই গ্রহণ করা হবে। সব দাবী-আপত্তি নিষ্পত্তি করার পরই চূড়ান্ত এনআরসি (Final NRC) প্রকাশ করা হবে।
- ১০। চূড়ান্ত এনআরসি (Final NRC) প্রকাশের পর আবেদনকারীদের বিদেশী ন্যায়ধিকরণ (Foreigners Tribunals) এ আপীল করার অধিকার রয়েছে।
- ১১। এনআরসি উন্নীতকরণের সমগ্র প্রক্রিয়াটি মাননীয় উচ্চতম ন্যায়ালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে অত্যন্ত স্বচ্ছভাবে রূপায়ণ করা হচ্ছে।
- ১২। কোন প্রকৃত ভাৰতীয় নাগরিকের নাম বাদ না দিয়ে এবং কোন অযোগ্য লোকের নাম অন্তর্ভুক্ত না করে একটি শুদ্ধ এনআরসি প্রস্তুতকরণ সুনির্ণিত করার উদ্দেশ্যে কেন্দ্ৰীয় এবং রাজ্য সরকার, ভাৰতৰে মহাপঞ্জীয়ক এবং রাজ্যিক সমন্বয়কের দ্বাৰা সমগ্র প্রক্রিয়াটি বিশদভাবে এবং নিখুঁতভাবে রূপায়ণ করতে সব ধৰণের প্রচেষ্টা করা হয়েছে।

বিঃদ্রঃ অসমে এনআরসি উন্নীতকরণ প্রক্রিয়াৰ কাজ অসম চুক্তিমন্ত্রী

১৯৭১ সালের ২৪ মার্চ (মধ্যরাত্রি)ৰ সময়সীমাকে ভিত্তি কৰে

১৯৫৫ সালের নাগরিকত্ব আইন এবং ২০০৩ সালের নাগরিকত্ব

বিধিৰ ব্যবস্থাবলীৰ আধাৰে রূপায়িত হচ্ছে। এৱে নেপথ্যে আছেং

- ২০০৫ সালের মে মাসের ৫ তারিখ মাননীয় প্রধানমন্ত্ৰীৰ অধ্যক্ষতায় ভাৰত সরকার, অসম সরকার এবং সারা অসম ছাত্ৰ সংস্থাৰ মধ্যে অনুষ্ঠিত ত্ৰিপাক্ষিক বৈঠকে এনআরসি উন্নীতকরণেৰ জন্য নেওয়া সিদ্ধান্ত;
- মাননীয় উচ্চতম ন্যায়ালয়েৰ নির্দেশনুসাৱ ভাৰতৰে মহাপঞ্জীয়কেৰ দ্বাৰা ২০১৩ সালেৰ ডিসেম্বৰ মাসেৰ ৬ তারিখে ১৯৫১ সালেৰ এনআরসি উন্নীতকরণেৰ জন্য প্ৰযোজনীয় গেজেট বিজ্ঞপ্তি (Gazette Notification)ৰ প্ৰকাশ।

জনহিতার্থে প্ৰচাৰিত

রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্ৰীয় নাগরিক পঞ্জীয়ন, অসম সরকাৰ
নাগরিক পঞ্জীয়নেৰ মহাপঞ্জীয়ক, গৃহ মন্ত্ৰণালয়, ভাৰত সরকাৰ